

SA
১৩/৭/১৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
বাজেট অধিশাখা
সচিবালয় সংযোগ সড়ক, ঢাকা
www.molwa.gov.bd

স্মারক নম্বর: ৪৮.০০.০০০০.০০৬.০২০.০৩১.০১৯.১৭- ১২৩

তারিখ: ০২ ফাল্গুন ১৪১৪
১৪ ফেব্রুয়ারি ২০১৮

প্রেরক : মোঃ মতিয়ার রহমান
উপসচিব (বাজেট)
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা

প্রাপক : প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
সেগুনবাগিচা, ঢাকা।

বিষয় : আর্থিক মঞ্জুরী জ্ঞাপন।

আদিষ্ট হয়ে 'মুক্তিযোদ্ধা সম্মানী ভাতা প্রদান কার্যক্রম' এর আওতায় চলতি ২০১৭-১৮ অর্থবছরের বাজেটে কল্যাণ ও অনুদান খাতে (৩-৬৩০৫-৩৫৮৭-৫৯২৫) বরাদ্দকৃত অর্থ হতে রিট পিটিশন ১৬০৭৬/২০১৬ মামলায় মহামান্য আদালতের আদেশের প্রেক্ষিতে গোপালগঞ্জ জেলার কোটালীপাড়া উপজেলার ০৮ (আট) জন বীর মুক্তিযোদ্ধার জুলাই ২০১৫ হতে সেপ্টেম্বর ২০১৬ পর্যন্ত ১৫ (পনের) মাসের বকেয়া রাষ্ট্রীয় সম্মানী ভাতা বাবদ ৯ম পর্যায় ১১,০৪,০০০.০০ (এগার লক্ষ চার হাজার) টাকার নিম্নোক্ত বিভাজন ও শর্তে অর্থ ছাড়ের নিমিত্ত সরকারি আর্থিক মঞ্জুরী জ্ঞাপন করছি:

(অংকসমূহ টাকায়)

ক্রমিক নং	মাসের বিবরণ	টাকা
১.	জুলাই থেকে ডিসেম্বর ২০১৫ পর্যন্ত ০৬ মাস (০৮×০৬×৮,০০০)	৩,৮৪,০০০/-
২.	জানুয়ারি ২০১৬ থেকে সেপ্টেম্বর ২০১৬ পর্যন্ত ০৯ মাস (০৮×০৯×১০,০০০)	৭,২০,০০০/-
সর্বমোট =		১১,০৪,০০০/-

০২। ছাড়কৃত ১১,০৪,০০০.০০ (এগার লক্ষ চার হাজার) টাকা জুলাই ২০১৫ হতে সেপ্টেম্বর ২০১৬ পর্যন্ত ১৫ (পনের) মাসের বকেয়া রাষ্ট্রীয় সম্মানী ভাতা বাবদ চলতি ২০১৭-২০১৮ অর্থবছরের বাজেটে ৩-৬৩০৫-৩৫৮৭-৫৯২৫ 'মুক্তিযোদ্ধা সম্মানী ভাতা' কার্যক্রম ৫৯০০ সাহায্য মঞ্জুরি ৫৯২৫ কল্যাণ অনুদান খাতে বরাদ্দকৃত অর্থ হতে মিটানো হবে;

০৩। বরাদ্দকৃত ১১,০৪,০০০.০০ (এগার লক্ষ চার হাজার) টাকা গোপালগঞ্জ জেলার কোটালীপাড়া উপজেলার ০৮ (আট) জন বীর মুক্তিযোদ্ধার মাঝে বিতরণের জন্য অনুরোধ জানানো হল;

০৪। সম্মানী ভাতা পরিশোধে/বণ্টনের ক্ষেত্রে বিদ্যমান নীতিমালা এবং বিধি-বিধান ও নিয়মাচার অনুসরণ করতে হবে। সম্মানী ভাতা প্রদানে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ দায়ী থাকবে;

০৫। সরকারি অনুদানের অর্থ ব্যাংক হিসাবে অব্যহত থাকলে সরকারি কোষাগারে জমা করতঃ (কোড নম্বর ১-৬৩০১-০০০১-২৬৭১) আর্থিক শৃঙ্খলা ও সঠিক হিসাবায়নের লক্ষ্যে অডিট করতঃ প্রতিবেদন অত্র মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে;

০৬। নির্ভুল হিসাব প্রদানের লক্ষ্যে খন্ড খন্ড আকারে প্রস্তাব না পাঠিয়ে নিয়মানুযায়ী ২ কিস্তিতে প্রস্তাব প্রেরণ করা সমীচীন হবে;

০৭। মামলা বিচারাধীন থাকা অবস্থায় সম্মানী পরিশোধের ক্ষেত্রে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক ০৮/০৪/২০১২ তারিখে জারিকৃত ০৪.১১১.০৩৫.০০.০০২.২০১০-৪২ নং স্মারকের পরিপত্রের অনুশাসন মেনে চলতে হবে (কপি সংযুক্ত)।


-অপর পৃষ্ঠায় সদয় দৃষ্টব্য-

০৮। মুক্তিযোদ্ধা সম্মানী ভাতা বিতরণের ক্ষেত্রে কোনভাবেই অগ্রিম ভাতা প্রদান করা যাবে না এবং প্রতি মাস শেষে মুক্তিযোদ্ধাদের অনুকূলে মুক্তিযোদ্ধার ব্যাংক হিসাবের মাধ্যমে ভাতা প্রদান নিশ্চিত করতে হবে;

০৯। প্রত্যেক সম্মানী ভাতা প্রাপ্ত মুক্তিযোদ্ধার ভাতা তাঁর ব্যাংক হিসাবে জমা নিশ্চিত করতে হবে অথবা একাউন্টপেয়ি চেকের মাধ্যমে ভাতা প্রদান করতে হবে। এর কোন ব্যত্যয় হলে সংশ্লিষ্ট উপজেলা কর্তৃপক্ষ দায়ী হবেন। বিষয়টি সংশ্লিষ্ট জেলা প্রশাসক নিশ্চিত করবেন;

১০। অব্যয়িত অর্থ (যদি থাকে) ৩০ জুন, ২০১৮ তারিখের মধ্যে ট্রেজারী চালানোর মাধ্যমে (১-৬৩০১-০০০১-২৬৭১ সংখ্যক কোডে) সরকারি কোষাগারে জমাকরতঃ এ মন্ত্রণালয়কে অবহিত করতে হবে; এবং

১১। এ বিষয়ে অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের ০৭-০২-২০১৮ তারিখের ০৭.১০৮.০২০.৬৩.০৫.০১৪.২০০২(অংশ-১) এর উদ্বৃত্তাংশমূলে সম্মতি রয়েছে।


(মোঃ মতিয়ার রহমান)
উপসচিব
ফোন: ৯৫৫০১৩৩

স্মারক নম্বর: ৪৮.০০.০০০০.০০৬.০২০.০৩১.০১৯.১৭-০২৩


তারিখ: ০২ ফাল্গুন ১৪১৪
১৪ ফেব্রুয়ারি ২০১৮

বিতরণ (কার্যার্থে):

- ১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সচিব, সমাজ কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ৫। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
- ৬। জেলা প্রশাসক, গোপালগঞ্জ।
- ৭। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, গোপালগঞ্জ।

অনুলিপি (জ্ঞাতার্থে):

- ১। সচিব, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল, স্কাউট ভবন, ঢাকা।
- ৩। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, ৮৮ মতিঝিল বা/এ, ঢাকা।
- ৪। অতিরিক্ত সচিব (প্রশাসন), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। যুগ্মসচিব (আইসিটি), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা-মঞ্জুরী পত্রটি এ মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ।
- ৬। প্রশাসক, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল, মগবাজার, ঢাকা।
- ৭। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব (যুগ্মসচিব), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা-মাননীয় মন্ত্রী'র সদয় অবগতির জন্য।
- ৮। সচিবের একান্ত সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা-সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য।


(মোঃ মতিয়ার রহমান)
উপসচিব
ফোন: ৯৫৫০১৩৩